

বিনয় মজুমদার

খালি চোখে দেখা যায় আকাশের তারা
 খুব কমে গেছে, আরো বহু তারা ছিল আগে
 আকাশে আকাশে
 এখন সামান্য কটি তারা দেখি খালি চোখে আমি।
 অবশ্য চশমা পরে দেখলে অনেক তারা
 দেখা যায় আগের মতন
 এবং চশমা খুলে খালি চোখে দেখলেই
 দেখা বেশি তারা নেই
 সামান্য কয়টি তারা রয়েছে আকাশে।
 এর দুটি মানে হয় আমার চোখের দৃষ্টি
 খুব কমে গেছে
 অথবা আরেক মানে --- আকাশে তারারা সব ধীরে ধীরে
 লোপ পেয়ে গেছে।
 এবং চাঁদেরো এই একই প্রকারের।
 খালি চোখে দেখলেই দেখা যায় পূর্ণিমার
 চাঁদ আর গোল নয় বৃত্তাকার নয়---
 এবড়ো খেবড়ো হয়ে পাকা কুমড়োর মতো
 পূর্ণিমার চাঁদের চেহারা
 এরও দুটি মানে হয় চাঁদের চেহারা আর
 বৃত্তাকার নেই
 আমার চোখের দৃষ্টি ঠিক আছে ধরে নিলে তবে।
 অথবা আমার দৃষ্টি শক্তি কমে
 গেছে বলে পূর্ণিমার চাঁদকে এখন
 বৃত্তাকার দেখি না তো বৃত্তের বদলে দেখি
 কুমড়োর মতো।

